

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৯৩৯

সোনামুড়া, ২৪ মে, ২০২৩

বক্সনগরে আগামী ২৬ মে নজরুল জন্মজয়ন্তী

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং বক্সনগর পঞ্চায়েত সমিতির সহযোগিতায় সোনামুড়া মহকুমা ভিত্তিক নজরুল জন্মজয়ন্তী আগামী ২৬ মে সন্ধ্যায় বক্সনগর বিআরসি হলে অনুষ্ঠিত হবে। বিশিষ্ট সমাজসেবী তফাজ্জল হোসেন এই অনুষ্ঠানের উদ্বোধন করবেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বিশিষ্ট সমাজসেবী দেবব্রত ভট্টাচার্য এবং বক্সনগর ব্লকের বিডিও ড. অনিমেষ দেববর্মা সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিগণ উপস্থিত থাকবেন। সভাপতিত্ব করবেন বক্সনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সঞ্জয় সরকার।
